22

भारतीय गैर न्यायिक

भारत

दस रुपये

TEN RUPEES

रु.10

Rs.10

INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

18AA 095493

F (I) 2.00
F (II) 2.00
G (a) 4.20
G (b) 6.00
Plan 20.00
X 10.40
Stamp 10.00
C. FEE 10.00
64.60

Addl. District Sub-Registrar,
Behala, South 24-Parganas

31 JAN 2008

OFFICE OF THE ADDL. DISTRICT SUB-REGISTRAR
অতিরিক্ত জেলা অবর নিবন্ধকের কার্যালয়
বেহালা
BEHALA

পৃষ্ঠা নং....4

SHOWING IN R.S. DAG NO. 370 UNDER KHATIAN NO.
R. KHATIAN NO. AT MOUZA CHAK JOT SHIBRAMPUR
J.L. NO. 25 WARD NO. 14 IN MAHESHTALA MUNICIPALITY
P.S. MAHESHTALA DISTRICT SOUTH 24-PARGANAS.


SCALE 1"=50'-0"

NAME OF PURCHASER.
WEST BENGAL HOUSING BOARD (ABASAN)
105 S.N. BANERJEE ROAD
KOLKATA - 700014.

SOLD AREA = 1.45 DECIMEL
MORE OR LESS
SHOWN IN RED ■

Certified to be a true copy of the original plan attached to deed No. 5303 of the year 2007 A.D.S.R. Behala

Addl. District Sub-Registrar Behala, South 24-Parganas
31-1-08




Compared by D. Mukherjee.
DEBRAJ MUKHERJEE
PLAN MAKER, REGD. DEPT.

Atul Krishna Maity
DRAWN BY
A. K. MAITY
SURVEY OFFICE
JAGTALA (BATA MORE)
SOUTH 24-PARGANAS.

Sd/ Tushar Adak.
Sd/ Tonmoy Adak.

SIG. OF VENDORS.

5303/07

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

पश्चिमबङ्গ पश्चिम बंगाल WEST BENGAL B 157851

Admissible under Rean Rule-21 and also u/s........... of the West Bengal L. R. Act 1936 duly stamped Ex-noted from Stamp duty under the Indian Stam Act 1899 as ammended in 1984 Schedule 1A No. 23

Paid in C.F.S.

A Fee Rs. 836/-

Subsequently ... Regis. ... Rec. ...

No.............. Dat..........

A. D. S. R. Be. 28/11/07

মং ২৬,৪০০,(ছাব্বিশ হাজার চারশত) টাকা

পনমূল্যে নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল

কোবালা গ্রহীতাঃ পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ

পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক গঠিত একটি বিধিবদ্ধ সংস্থা ১০৫,এস.এন. ব্যানার্জী রোড, থানা-তালতলা, কোলকাতা-৭০০০১২।

Stamp D. Rs. 4200

Has been Realised ... 033095

Dated 9/11/07

পৃষ্ঠা নং....২

পৃষ্ঠা নং....৪

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

सत्यमेव जयते INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

B 157652

Tushar Adak

Tonmoy Adak

:: ২ ::

<u>কোবালা দাতাদ্বয়</u> ঃ (১) <u>শ্রী তুষার আদক,</u>

(২) <u>শ্রী তন্ময় আদক,</u>

উভয়ের পিতা-মৃত কৃতান চন্দ্র আদক, জাতি -হিন্দু, নাগরিকতা-ভারতীয়, পেশা-ব্যবসা, সাকিন-গ্রাম ও পোষ্ট : জোতশিবরামপুর, থানা-মহেশতলা, জেলা -দক্ষিন ২৪ পরগনা, কোলকাতা-৭০০১৪১,

কস্য নিম্ন তফশীলে বিশেষভাবে বর্ণিত ১৬ শতক বা স্থানীয় পরিমাপে মাপসুরত কমবেশ ৯ কাঠা ১০ ছটাক ৩৮ বর্গফুট মধ্যে ০.৮৮ কাঠা পরিমিত শালি জমিজমা মায় যাবতীয় স্বত্বাদি সহ সর্ব্ববিধ আকর আওলাতাদি সমেত সম্পত্তি সম্পূর্ন নির্দ্দায় . নির্দ্দোষ অবস্থায় নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ-

জেলা দক্ষিণ ২৪ পরগণা, সাব রেজিস্ট্রী অফিস বেহালা, থানা-মহেশতলা, পরগনা -বালিয়া, অত্র জেলা কালেকটারীর ৬৫ নং তৌজি ভুক্ত, রে. সা. নং-৭৫ ৩/৪, হাল মহেশতলা মিউনিসিপ্যাল কর্পোরেশনের এলাকাধীন ১৪ নং ওয়ার্ডভুক্ত জে. এল. নং ২৫, মৌজা-চকজোতশিবরামপুর গ্রামে সাবেক হাল রিভিসন্যাল জরিপে ১৪৩ নং খতিয়ানে মোট জমির ৫৫ শতক জমির বার্ষিক খাজনা ৬৭৫ টাকা জমা জমির মধ্যে ৩৭০ নং দাগে একবন্দে শালি জমি মোট ১৬ শতক জমি জমার হারাহারি কাত বার্ষিক খাজনা ১.৯৭ পয়সা জমা ধার্য্যের জমি জমা অন্তর্গত ০.৮৮ কাঠা শালি জমিজমার যাহা অত্র দলিল সাথ গ্রথিত নক্সায় লাল রংয়ের সীমারেখা দ্বারা সীমানা চিহ্নিত করিয়া প্রদর্শিত রহিল, তাহাই অত্র দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে।

উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত জমিজমার তদানিন্তন মালিক স্বত্বাধিকারী জনৈক শিবু প্রসাদ দাস , পিতা মৃত কালীচরন দাস, সাকিন ২০নং হেম চন্দ্র ষ্ট্রীট , থানা ওয়াটগঞ্জ , কোলকাতা-৭০০ ০২৩, জেলা ২৪ পরগনা, নিবাসী বিগত ইংরাজী ১৯৬৯ সালের ১৬ই মে তারিখে বেহালা সাব রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ১নং বহির ৩৩নং ভল্যুমে ১৪৪ হইতে ১৪৬ নং পাতায় লিপিবদ্ধ ২১৯৬

Tushar Adak

Hiranmoy Adak

নং এককেতা কোবালা দলিল মূলে জনৈক ভূপতি চরন নস্কর, পিতা মৃত হরিচরন নস্কর , সাকিন চকজোতশিবরামপুর, থানা - মহেশতলা নিবাসীর নিকট হইতে খরিদ করিয়া অন্যের বিনা স্বত্ব সংশ্রবে খাসে ভোগ দখল করিতে থাকেন।

অতঃপর উক্ত শিবু প্রসাদ মহাশয় তাহার খরিদা খাস স্বত্ব দখলীয় সম্পত্তিতে খাসে ভোগ দখল করিতে থাকাকালিন তাহার নগদ অর্থের বিশেষ প্রয়োজন হওয়ায় তাহার খরিদা খাস স্বত্ব দখলীয় সমুদয় সম্পত্তি জনৈকা বেদানা বালা হালদার, স্বামী অরুন চন্দ্র হালদার, মহাশয়া বিগত ইংরাজী ২৯।১২।১৯৭০ তারিখে বেহালা সাব রেজিস্ট্রী অফিসে রেজিস্ট্রীকৃত ১নং বহির , ৬৯ নং ভল্যুমে ২০১ নং পাতায় লিপিবদ্ধ সন ১৯৭০ সালের ৪৫৯৩ নং এককেতা কোবালা দলিল মূলে উক্ত চক জোতশিবরামপুর মৌজায় ১৪৩ নং খতিয়ান ভুক্ত ৩৭০ নং দাগে সুচিহ্নিত কমবেশ ১৬ শতক শালি জমিজমা খরিদা সমুদায় সম্পত্তিতে খাসে স্বত্ববতি ও মালিক দখলকারিনী নিযুক্ত থাকিয়া নিব্যূঢ় স্বত্বে খাসে ভোগ দখল করিতে থাকেন।

তৎপর তাহার খরিদা সমুদায় সম্পত্তিতে ভোগ ব্যবহার করিতে থাকাকালীন তাহার পাঁচ পুত্র ও দুই কন্যাকে এবং তাহার স্বামী পূর্বে পরলোকগত হওয়ায় কেবলমাত্র পাঁচ পুত্র ও দুই কন্যাকে ওয়ারিশ রাখিয়া আর কোন ওয়ারিশ উত্তরাধিকারী না রাখিয়া এবং কোন প্রকার উইলাদি না করিয়া উক্ত বেদানা বালা হালদার মহাশয়া পরলোকগমন করেন।

অতঃপর উক্ত বেদানা বালা হালদার মহাশয়া তাহার খাস স্বত্ব দখলীয় ভূসম্পত্তিতে তাহার পাঁচ পুত্র যথাক্রমে (১) শ্রী অনিল হালদার, (২) শ্রী অসিত হালদার, (৩) শ্রী অসিম হালদার,

পৃষ্ঠা নং....৫

Tushar Ashok
Hemanay Hasse

(৪) শ্রী অলোক হালদার, (৫) শ্রী অশোক হালদার, ও দুই কন্যা যথাক্রমে শ্রীমতী ছায়া হালদার ও শ্রীমতী সন্ধ্যা দাস, সমতুল্যাংশে মালিক দখলিকার হইয়া তাহাতে অন্যের বিনা স্বত্ব সংশ্রবে খাসে ভোগ দখল করিতে থাকাকালীন তাহার পাঁচ পুত্রের মধ্যে একপুত্র অর্থাৎ অশোক হালদার তাহার দুইপুত্র যথাক্রমে শ্রী সৌমেন হালদার ও শ্রী সৌরভ হালদার, ও এক স্ত্রী শ্রীমতী টুকুন হালদারকে বর্তমান ওয়ারিশ বা উত্তরাধিকারী রাখিয়া আর কোন ওয়ারিশ উত্তরাধিকারী না রাখিয়া এবং কোন প্রকার উইলাদি না করিয়া পরলোক গমন করিলে পর তাহার স্বত্বাংশের সমুদায় সম্পত্তিতে তাঁহার স্ত্রী ও দুই পুত্র এই তিনজনে যৌথ ভাবে ভোগ দখল করিতে থাকাকালীন উক্ত অশোক হালদার মহাশয়ের মাতা বেদানা বালা হালদার মহাশয়ার ত্যক্ত সম্পত্তিতে অপরাপর অংশীদারগন অর্থাৎ অত্র দলিলের অন্যান্য দাতা ও দাত্রী গন যথাক্রমে (১) শ্রী অনিল হালদার, (২) শ্রী অসিত হালদার, (৩) শ্রী অসিম হালদার, (৪) শ্রী অলোক হালদার, সকলের পিতা-মৃত অরুন হালদার, সকলের জাতি-হিন্দু, পেশা-ব্যবসা, ভারতীয় নাগরিক, সাকিন -জোতশিবরামপুর, থানা-মহেশতলা, জেলা-দক্ষিণ ২৪ পরগণা, কোলকাতা-৭০০ ১৪১, (৫) শ্রীমতী ছায়া মহান্তী, স্বামী শ্রী শচীন মহান্তী, পিতা মৃত অরুন হালদার, জাতি-হিন্দু, পেশা-গৃহস্থালী, ভারতীয় নাগরিক, সাকিন -জোতশিবরামপুর, থানা -মহেশতলা, জেলা-দক্ষিণ ২৪ পরগণা, কোলকাতা-৭০০ ১৪১, (৬) শ্রীমতী সন্ধ্যা দাস, স্বামী শ্রী শঙ্কর দাস, পিতা মৃত অরুন হালদার, জাতি-হিন্দু, পেশা-গৃহস্থালী, ভারতীয় নাগরিক, সাকিন-২২, ব্যানার্জী পাড়া রোড, থানা-বেহালা, কোলকাতা-৭০০ ০৬০ অত্র দলিলের দাতা ও দাত্রী হিসাবে স্বামী ও পিতার ওয়ারিশান সূত্রে মালিক দখলীকার হইয়া অদ্যাবধি ভোগ দখল করিয়া আসিতেছি।

Tapas Akash
Hemnoy Akash

এরূপে উক্ত বেদানা বালা মহাশয়ার উপরোক্ত ওয়ারিশানগণ সমূহ ১৬শতক বা ৯ কাঠা ১০ ছটাক ৩৮ বর্গফুট শালি জমিজমাতে ভোগবান/ভোগবতী ও দখলীকার /দখলকারিনী থাকাবস্থায় নানবিধ বৈধ কারনে নগদ অর্থের প্রয়োজন হওয়ায় উক্ত ১৬শতক বা ৯ কাঠা ১০ ছটাক ৩৮ বর্গফুট শালি জমিজমা বিক্রয়ের ঘোষনা করিলে আমরা অত্র কোবালা দাতাগন তৎকালীন বাজারোচিত সর্ব্বোচ্চ পণ মূল্যে খরিদ করিতে সম্মত হওয়ায় বিগত ইংরাজী ২৩/০৮/২০০৬ তারিখে মোকাম বেহালা স্থিত এ্যাডিসন্যাল ডিস্ট্রীক্ট সাব রেজিস্ট্রী অফিসে এক কেতা সাফ বিক্রয় কোবালা দলিল রেজিস্ট্রী করাইয়াছি যাহা উক্ত অফিসের ১নং বহির দলিল নং ২৮১৪ হিসাবে লিপিবদ্ধ ও রেজিস্ট্রীকৃত হইয়া প্রকাশিত, প্রচারিত ও পরিগনিত হইয়াছে।

অতঃপর নানাবিধ বৈধ কারনে নগদ অর্থের প্রয়োজন হওয়ায়া উক্ত ১৬ (ষোল) শতক বা ৯ কাঠা ১০ ছটাক ৩৮ বর্গফুট পরিমিত শালি জমিজমা মধ্যে ০.৮৮ কাঠা শালি জমি জমা যাহা ১৪৩ নং খতিয়ান ভুক্ত ৩৭০ নং দাগ ভুক্ত হইতেছে তাহা আমাদের আবেদনের ভিত্তিতে হাউসিং বোর্ড বিবেচনা করিলে আমরা অত্র কোবালা দাতাদ্বয় বিক্রয় করিতে সম্মত হইলে (আপনার সংস্থা) পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের পক্ষে বেঙ্গল গ্রীন ফিল্ড হাউসিং ডেভলপমেন্ট লিমিটেড (পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের একটি যৌথ উদ্যোগ সংস্থা) কর্ত্তৃক প্রদত্ত সর্ব্বোচ্চ বাজার দরে /পনমূল্যে ২৬,৪০০ (ছাব্বিশ হাজার চারশত) টাকা প্রদান করিতে সম্মত হইলে অদ্য তারিখে নিম্ন জায়মত পণ মূল্যের সমূহ টাকা এককালীন বুঝিয়া পাইয়া প্রাপ্তি স্বীকারে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি যাহার পরিমান কমবেশী ১৬ (ষোল) শতক বা ৯ কাঠা ১০ ছটাক ৩৮ বর্গফুট মধ্যে ০.৮৮ কাঠা শালি জমি জমা অত্র সাফ

পৃষ্ঠা নং.... ৭

বিক্রয় কোবালা দলিল মূলে পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ কে বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি রীতিমত সরেজমিনে মাপ সুরত সীমানা সহরত পূর্ব্বক আপনাকে উহার যথারীতি খাস দখল দিয়া উহার দখল আপনার অনুকুলে পরিত্যাগ পূর্ব্বক চিরকালের জন্য নিঃস্বত্ব ও দখলীচ্যুত হইলাম এবং পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদকে সমূদায় ভূম্যাদিতে মালিকী স্বত্বের খাস দখল দিলাম। পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ অদ্য হইতে বিক্রীত সম্পত্তিতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান, মালিক দখলীকার হইয়া জেলা কালেকটারীতে আমাদের নামের পরিবর্তে পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ নিজ নাম পত্তনক্রমে খাজনাদি প্রদান পূর্বক বিক্রয়, বিলি, বন্টন পত্তনাদি সর্ব্বপ্রকার হস্তান্তর ও ইমারাতাদি নির্মানের স্বত্বাধিকাররে সর্ব্ববিধ রূপান্তর করণের ক্ষমতা যুক্তে যদৃচ্ছামত ব্যবহারে আমাদের তুল্য ক্ষমতা পরিচালনে পুত্র, পৌত্রাদি, ওয়ারিশানগণ, উত্তরাধিকারী, স্থলাভিষিক্তগণক্রমে পরম সুখে নির্ব্যুঢ় স্বত্বে ভোগদখল করিতে থাকুন। বিক্রীত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ব সামিত্ব, দখল, অধিকার লভ্য সর্ম্পকাদি ছিল ও আছে তাহা অদ্য হইতে চিরতরে রদ, রহিত, বিলুপ্ত হইয়া পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ প্রতি নিব্যুঢ় স্বত্বে বর্তাইল ও অর্পিল।

যদি আমারা কিংবা আমাদের কোন ওয়ারিশান অত্র বিক্রীত সম্পত্তিতে কোনপ্রকার দাবী দাওয়া, ওজর আপত্তি করি কিংবা করে তাহা সর্ব্বপ্রকার আদালতে সর্বতোভাবে বাতিল ও অগ্রাহ্য হইবে। বিক্রীত সম্পত্তি আমরা ইতি পূর্বে অন্য কাহারও নিকট কোনপ্রকার দান, বিক্রয়, বিলি পাওনাদি দ্বারা হস্তান্তরের চুক্তি বা দায়বদ্ধ করি নাই, বিক্রীত সম্পত্তির উপর কোন চার্জ বা বিক্রীত সম্পত্তি কোনরূপ বকেয়া খাজনার দায়ে বা অন্য কোনকারণে কোন অফিস আদালতে কর্তৃক নীলাম বিক্রয় হয় নাই কিংবা

পৃষ্ঠা নং....৮

Tushar Nak

বিক্রীত সম্পত্তি কোন দেবোত্তর বা ট্রাষ্টভুক্ত সম্পত্তি নহে। অথবা বিক্রীত সম্পত্তি কোন জনহিতকর কাজের জন্য সরকার বা পঞ্চায়েত বা কলিকাতা মেট্রোপলিটান ডেভলপমেন্ট অথরিটি বা কলিকাতা ইমপ্রুভমেন্ট ট্রাষ্ট বা অন্য কোন সরকারী সংস্থা কর্তৃক অ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। অথবা বিক্রীত সম্পত্তি কাহারও খোরপোষের দায়ে বা কোন ব্যাঙ্কের দেনার দায়ে কোন আদালত কর্তৃক ক্রোকবদ্ধ হয় নাই বা উহার কোনপ্রকার ইনজাংশান জারী হয় নাই। বিক্রীত সম্পত্তি কাহাকেও বেনাম করি নাই বা উহা গর্ভণমেন্ট বা কোন যৌথ কোম্পানী কর্তৃক অ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। সম্পূর্ন নির্দায় ও নির্দোষ ও মুক্ত অবস্থায় আমাদের বিক্রয় যোগ্য উত্তম স্বত্বাধিকারী ও খাস দখল থাকাকালীন আপনার নিকট বিক্রয় করিলাম। আপনি কোবালা গ্রহিতা অর্থাৎ পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ উক্ত সম্পত্তি ক্রয় করিবার পূর্বে সর্ব্বপ্রকার সার্চাদি করিয়া লইয়াছেন। তবুও ভবিষ্যতে আমাদের উক্তির বৈপরিত্য ঘটিয়া থাকিলে বা আমাদের শঠতা তঞ্চকতা প্রকাশ হইয়া থাকিলে বা আমাদের স্বত্ব দখলের কোন গোলযোগ হেতু আপনার খরিদা স্বত্ব স্বার্থ বা দখলের কোনপ্রকার ক্ষতি হইলে আমরা সম্পূর্ন দায়ী দন্ডনীয় হইব এবং আইনতঃ ক্ষতি পূরণ সহ পণ মূল্যের সমুদায় টাকা এককালীন ফেরৎ দিতে ওয়ারিশানগণক্রমে বাধ্য ও সম্মত রহিলাম।

অত্র বিক্রীত সম্পত্তি সংক্রান্ত কাগজপত্র যাহা বর্তমানে আমাদের নিকট আছে তাহা সমুদয়ই আপনাকে প্রদান করিলাম। ভবিষ্যতে তল্লাসমতে যদি আর কিছু কাগজপত্র পাওয়া যায় তাহাও আপনাকে ওয়ারিশানগণক্রমে দিতে বাধ্য রহিলাম।

আরো প্রকাশ থাকে যে, অত্র দলিলে ভবিষ্যতে যদি কোন ভুল ত্রুটি দৃষ্ট হয় বা থাকা প্রকাশ পায় তাহা হইলে আমারা অত্র

[illegible]

দলিলের কোবালা দাতাদ্বয় ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে আমাদের খরচায় উক্ত ত্রুটি সংশোধন করিয়া দিতে বাধ্য থাকিলাম এবং থাকিবেক।

অত্র দলিল সংলগ্ন নকসায় লাল রং এ রঞ্জিত অংশ বিক্রীত সম্পত্তি হইতেছে যাহা নিম্ন তপশীলে বিশদভাবে বর্ণিত আছে। উক্ত সম্পত্তির সংলগ্ন কমন প্যাসেজ দইয়া যাতায়াতের রাস্তা আপানার সর্ববিধ ব্যবহারের জন্য রহিল এবং উক্ত রাস্তার উপর দিয়া যাতায়াত, ভারা বাঁধা, মন্ডপ নির্মান এবং উপর বা নীচ দিয়া বিদ্যুৎ সংযোগ, জল নিষ্কাশিনী ড্রেন , গ্যাসেজ পাইপ, টেলিফোন সংযোগ, বিদ্যুৎ স্তম্ভ নির্মান প্রভৃতি করিতে পারিবেন তাহাতে অপর কাহারও কোন ওজর আপত্তি চলিবে না।

এতদর্থে সুস্থ শরীরে, সরল অন্তঃকরনে অন্যের বিনা প্ররোচনায় ও বিনা অনুরোধে পণের টাকা স্বাক্ষীগণের সম্মুখে গ্রহনকরতঃ এবং অত্র দলিলের বিষয়বস্তু সম্পূর্নরূপে অবগত হইয়া স্বেচ্ছায় উহাতে নিজ নিজ নাম দস্তখত করিলাম এবং রেজিস্ট্রী করিয়া দিলাম। ইতি তারিখ ইংরাজী ২০০৭ সালের [illegible] জুন, মোতাবেক বাংলা ১৪১৪সনের [illegible]।

**ঃ তপশীল বর্ণিত সম্পত্তির চৌহদ্দি ঃ**

জেলা দক্ষিণ ২৪ পরগণা, অধুনা দক্ষিন ২৪ পরগনা, সাব রেজিস্ট্রী অফিস বেহালা, থানা-মহেশতলার, পরগনা -বালিয়া, অত্র জেলা কালেকটারীর ৬৫ নং তৌজি ভুক্ত, রে. সা. নং-৭৫ ৩/৪, হাল মহেশতলা মিউনিসিপ্যাল কর্পোরেশনের এলাকাধীন ১৪ নং ওয়ার্ডভুক্ত জে. এল. নং ২৫, মৌজা-চকজোতশিবরামপুর গ্রামে হাল মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিন ২৪

Tushar Adak
Mrinmoy Mitra

পরগনা জেলা কালেকটার বাহাদুরের অধিন , হাল রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট রিভিসন্যাল সেটেলমেন্ট জরীপের ১৪৩নং খতিয়ানে ৬৭৪ অত্র বিক্রীত ৩৭০ (তিন শত সত্তর) দাগে একবন্দে শালি জমি কমবেশী মোট ১৬ (ষোল) শতক মধ্যে ০.৮৮ কাঠা শালি জমি জমা অত্র বিক্রীত জমিজমা হইতেছে। ইহার হারাহারী মতে বার্ষিক খাজনা -------- পয়সা টাকা বর্তমানে মালিক জমিদার পশ্চিমবঙ্গ সরকার পক্ষে জেলা-দক্ষিণ ২৪ পরগণা আলিপুর সাব ডিভিসন্যাল ল্যান্ড রিফর্ম অফিসার সদর সরকারে আদায় দিতে হয়।

**তপশীল বর্ণিত সম্পত্তির চৌহদ্দি**

**অত্র ০.৮৮ কাঠা শালি জমিজমা**

| | | |
|---|---|---|
| **উত্তর** | ঃ | আর. এস. দাগ নং -৩৭১ |
| **দক্ষিণ** | ঃ | আর. এস. দাগ নং -৩৬৮ |
| **পূর্ব** | ঃ | আর. এস. দাগের অবশিষ্ট জমিজমা |
| **পশ্চিম** | ঃ | আর. এস. দাগ নং -৩৬৪ |

পৃষ্ঠা নং....১১

Adak



| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name ....Tushar Adak.......

Signature ....T Adak.......



| | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |

Name ....Tonmoy Adak.......

Signature ....Adak.......

| PHOTO | | Thumb | 1st finger | Middle Finger |
|---|---|---|---|---|
| | left hand | | | |
| | right hand | | | |

Name ......................................

Signature ......................................

| PHOTO | | |
|---|---|---|
| | left hand | |
| | right hand | |

Name ......................................

Signature ......................................

Tushar Adak
Tonmoy Adak



**টাকার জায়**

অদ্য তারিখে আমরা অত্র দাতাগন উপরোক্ত গ্রহীতার নিকট হইতে উপরিল্লিখিত তপশীল সম্পত্তির মোট পণমূল্য হিসাবে ২৬,৪০০ (ছাব্বিশ হাজার চারশত) টাকা এক কালীন বুঝিয়া পাইয়া সহি সম্পাদন করিলাম।

ইসাদী ঃ

১। Debi Prasad Ganguly
10, Prasanta Roy Road
P.O.- Banshi, Kol. 700008

২। Suklal Singh
31/c Ho-chi-Min nagar
Kol - 61

Tushar Adak
Tonmoy Adak

কোবালা দাতাগনের স্বাক্ষর

মুসাবিদাকারক

Timir Baran Khatuya. Advocate

তিমির বরন খাটুয়া,
এ্যাডভোকেট
আলিপুর জজ কোর্ট.
কোলকাতা ৭০০০২৭।

COPY PREPARED BY

31 JAN 2008

Certified to be a True Copy of the original document which has not yet been Transcribed

Addl. District Sub-Registrar,
Behala, South 24-Parganas

31 JAN 2008